আজকের কাগজ

তারিখ 15 JUL 1993
পৃঃ ৭ কলাম ৬

163

# জাতীয় শিক্ষানীতি অপরিহার্য

## —শিক্ষক ফেডারেশন

কাগজ প্রতিবেদক : জাতীয় নীতিমালা ব্যতিরেকে বিচ্ছিন্ন ও অপরিকল্পিতভাবে কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান সরকারিকরণের মাধ্যমে জাতীয় অর্থ ও সম্পদের অপচয় সাধিত হচ্ছে। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল সংবাদ সম্মেলনে এ কথা বলেছে। ফেডারেশনের সেক্রেটারী জেনারেল প্রিন্সিপ্যাল কাজী ফারুক আহমেদ তার লিখিত বক্তব্যে আরো বলেন, সুনির্দিষ্ট জাতীয় শিক্ষানীতি অপরিহার্য। তিনি বলেন, সারাদেশে সাড়ে ১১ হাজার বেসরকারি স্কুল আছে। এর মধ্যে ২ হাজার স্কুলও সরকারি সুযোগ-সুবিধা পায় না। তাই বিচ্ছিন্নভাবে ২৬৬টি স্কুল ও ১শ' কলেজ সরকারিকরণ করলে সমস্যার সমাধান হবে না। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের জন্যে কোনো জাতীয় বেতন কাঠামো নেই।